

আজকের কণ্ঠ

তারিখ 18 SEP 1993

পৃষ্ঠা... ১ ...

মার্কসীটে ভুল থাকায় গজারিয়ার শে' ছাত্র-ছাত্রীর কলেজে ভর্তি হওয়া অনিশ্চিত

১৯৯৩ সালে অনুষ্ঠিত ঢাকা বোর্ডের আওতাধীন গজারিয়া কেন্দ্রের মানবিক শাখার এসএসসি পরীক্ষায় কৃতকার্যদের মূল মার্কসীটে ভুল থাকায় প্রায় শে' ছাত্র-ছাত্রীর কলেজে ভর্তি হওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। গজারিয়া থানার বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে কৃতকার্য ছাত্র-ছাত্রীদের মাঝে মার্কসীট বিতরণের সময় এ বিষয়টি ধরা পড়ে। জানা যায়, প্রতিটি মার্কসীটে কেন্দ্রের নাম গজারিয়ার স্থলে মুন্সিগঞ্জ আবার কোথাও ছাত্র-ছাত্রীর নামে ভুল অথবা পিতার নামে ভুল। এমনও দেখা গেছে একজন পরীক্ষার্থী পেয়েছে দ্বিতীয় বিভাগ কিন্তু মার্কসীটে লেখা হয়েছে তৃতীয় বিভাগ। এছাড়াও অনেক মার্কসীটে প্রাপ্ত নম্বরের সাথে মার্কসীটের নম্বরের কোনো মিল নেই। এ নিয়ে গজারিয়া কেন্দ্রের এসএসসি পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীরা এ বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। মার্কসীটে ক্রটি থাকায় ছাত্র-ছাত্রীরা কোনো কলেজে ভর্তি কিংবা পিবিভি পরীক্ষায় অংশ নিতে পারছে না। ফলে এ কেন্দ্রের প্রায় শে' ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ এখন অনিশ্চিত হয়ে পড়েছে। এ অবস্থার আশু পদক্ষেপ প্রয়োজন। গজারিয়া থেকে সাহায্যত পারভেজ।